

মম রুদ্ধমুকুলদলে এসো সৌরভ-অমৃতে,
 মম অখ্যাততিমিরতলে এসো গৌরবনিশীথে ॥
 এই মূল্যহারা মম শুক্তি, এসো মুক্তাকণায় তুমি মুক্তি—
 মম মৌনী বীণার তারে এসো সঙ্গীতে ॥
 নব অরুণের এসো আহ্বান,
 চিররজনীর হোক অবসান— এসো ।
 এসো শুভস্মিত শুকতারায়, এসো শিশির-অক্ষুধারায়,
 সিন্দুর পরাও উষারে তব রশ্মিতে ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail